

শিক্ষা প্রতিষ্ঠান কখনো রাজনীতি নিষিদ্ধ করতে পারে না বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। গতকাল দুপুরে ইউনেস্কো পাটিসিপেশন প্রোগ্রাম ২০২২-২৩-এর অধীন প্রকল্প বাস্তবায়নের চেক প্রদান অনুষ্ঠান শেষে সাংবাদিকদের কাছে এ মন্তব্য করেন তিনি।  
বাংলাদেশ শিক্ষাত্থ্য ও পরিসংখ্যান বুরোতে (ব্যানবেইস)

advertisement

এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, প্রতিষ্ঠান কখনো রাজনীতি নিষিদ্ধ করতে পারে না। কারণ রাজনীতি করা মানুষের অধিকার। কিন্তু দলীয় রাজনীতি কীভাবে হবে, সেখানে রাজনীতি যারা করবেন, সেই শিক্ষার্থীদের সঙ্গে প্রতিষ্ঠানের বোৰ্ডাপড়া, সৌহার্দ থাকা উচিত। তবে আমরা চাই, দলীয় রাজনীতির নামে যেন কোনো বিশ্বজ্ঞলা, অরাজকতা না হয়।

তিনি আরও বলেন, যদি ইতিবাচক রাজনীতি হয়ে থাকে, আমার মনে হয় না সেক্ষেত্রে প্রতিষ্ঠানের দিক থেকে কোনো আপত্তি থাকার কথা।

প্রসঙ্গত, সম্প্রতি বেশ কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কমিটি ঘোষণা করেছে আওয়ামী লীগের ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ। বিষয়টি নিয়ে সোশ্যাল মিডিয়ায় ব্যাপক সমালোচনা চলছে। এরই মধ্যে অনেক প্রতিষ্ঠান তাদের ক্যাম্পাসকে রাজনীতিমুক্ত ঘোষণাও দিয়েছে।

1  
Shares